গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
জেলা তথ্য অফিস
সিলেট।
www.info.sylhet.gov.bd

নং-১৫.৫৬.৯১০০.০০১.১৬.০০৫.২২-৫৫ তারিখ : ১৩/০৪/২০২৬খ্রি.

## পাক্ষিক জনমত ও প্রতিক্রিয়া প্রতিবেদন এপ্রিল'২০২৬ (১ম পক্ষ)

স্থানীয়বিষয়সমূহ:

মাননীয় প্রধানমন্ত্রী তারেক রহমান আগামী ৩০ এপ্রিল সিলেট সফর করবেন বলে জানিয়েছেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মোঃ আমিনুল হক। সিলেট সফরকালে মাননীয় প্রধানমন্ত্রী নতুন কুঁড়ি স্পোর্টস উদ্বোধন করবেন। গত ১ এপ্রিল সিলেট সফরকালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মো. আমিনুল হক বলেন, আগামী পাঁচ থেকে দশ বছরের মধ্যে ধাপে ধাপে প্রায় পাঁচশো সম্ভাবনাময় খেলোয়াড়কে উন্নয়ন কার্যক্রমের আওতায় আনার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। জাতীয় পর্যায়ের খেলোয়াড়দের একটি পরিকল্পিত ব্যবস্থার মধ্যে এনে তাদের দক্ষতা উন্নয়ন ও আন্তর্জাতিক মানে গড়ে তোলার জন্য সরকার কাজ করছে। সারা দেশে খেলাধুলার বিস্তার ঘটানোর মাধ্যমে যুব সমাজকে খেলাধুলার প্রতি আগ্রহী করে মাদক ও সামাজিক অবক্ষয় থেকে দূরে রাখার এ উদ্যোগ জনমনে ব্যাপক ইতিবাচক প্রভাব ফেলেছে বলে জানা যায়।

জ্বালানি সংকটের আশঙ্কায় দেশের সার কারখানা গুলোতে উৎপাদন অব্যাহত রাখতে জ্বালানির রেশনিং বা নিয়ন্ত্রিত বন্টন পদ্ধতির সিদ্ধান্ত নিয়েছে সরকার। এরই ধারাবাহিকতায় সিলেটের ফেঞ্চুগঞ্জের শাহজালাল সার কারখানা গত ৩ এপ্রিল ২০২৬ থেকে আগামী এক মাসের জন্য বন্ধ করা হয়েছে বলে গণমাধ্যম সূত্রে জানা যায়।

রাজনৈতিকপরিস্থিতি:

সিলেট জেলার সার্বিক রাজনৈতিক পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। সকল রাজনৈতিক দল স্বতঃস্ফূর্ত এবং ব্যাপক উৎসাহ-উদ্দীপনার সাথে তাদের রাজনৈতিক কার্যক্রম পরিচালনা করছে বলে জনমতে জানা যায়।

আইনশৃঙ্খলাপরিস্থিতি:

বিচ্ছিন্ন কিছু ঘটনা ব্যতিরেকে জনমত,জেলা প্রশাসন ও জেলা পুলিশ সূত্রে জানা যায়। এপ্রিল মাসের মাসিক আইন-শৃঙ্খলা সভায় জেলা প্রশাসন, সিলেট কর্তৃক উপস্থাপিত প্রতিবেদনে বিগত ২০২৫ সালের তুলনায় ২০২৬ সালের প্রথম ৪ মাসে সিলেটের সার্বিক অপরাধপ্রবণতা তুলনামূলক হ্রাস পেয়েছে বলে জানা যায়।

এদিকে,সিলেটের কোম্পানিগঞ্জ সীমান্তে ভারতীয় খাসিয়াদের গুলিতে সাদ্দাম হোসেন নামে একজন নিহত হওয়ার খবর পাওয়া গেছে। এ ঘটনায় নিহতের স্ত্রী কোম্পানীগঞ্জ থানায় সাধারণ ডায়েরি করেছেন। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, ঘটনার দিন দুপুরে সাদ্দাম হোসেনসহ চারজন সীমান্ত পেরিয়ে ভারতের অভ্যন্তরে প্রবেশ করে সীমান্তের ১২৪৭ নম্বর পিলারের প্রায় ৬০০ গজ ভেতরে রাজনটিলা এলাকায় সুপারি আনতে যান। এ সময় সুপারি বাগানের মালিক খাসিয়ারা তাদের লক্ষ্য করে গুলি চালায়। গুলিতে সাদ্দাম হোসেন ঘটনাস্থলেই নিহত হন। নিহতের মরদেহ ভারতের রয়েছে বলে দাবি করছে তার পরিবার। বিষয়টি নিয়ে বিজিবি কাজ করছে বলে জানা গেছে।

এদিকে, সাম্প্রতিক সময়ে সিলেট নগরীতে ছিনতাইয়ের ঘটনা বৃদ্ধি পেয়েছে বলে জনমতে জানা যায়। বিশেষত ভোররাত থেকে ফজরের নামাজের পূর্বাপর সময়ে এ ধরনের ঘটনা ঘটে বলে জনমত সূত্রে জানা যায়।

দ্রব্যমূল্যপরিস্থিতি:

সিলেট জেলার সার্বিক দ্রব্যমূল্য পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তবে বিগত কিছুদিনের টানা ঝড়-বৃষ্টি বিশেষত শিলা বৃষ্টির কারণে কৃষকের কৃষি জমিতে ক্ষয়ক্ষতিরা আশঙ্কা করছে স্থানীয় জনসাধারণ। ফলে শাক-সবজির

সরবরাহে ঘাটতি দেখা দিয়েছে। এছাড়া চাল, ভোজ্য তেল, চিনি, মাছ, মাংস ও ডিমের দাম স্থিতিশীল রয়েছে বলে জনমতে জানা যায়।

সাম্প্রদায়িক সম্প্রীতি :

হযরত শাহজালাল (র:) এবং হযরত শাহপরান (র:) এর পুণ্যভূমি সিলেটে আবহমান কালব্যাপী সাম্প্রদায়িক সম্প্রীতি বিরাজমান রয়েছে। এ জেলার মানুষ পারস্পরিক শ্রদ্ধা,সহনশীলতা ও ধৈর্য্যের সাথে সহাবস্থান করছেন জনমতেজানাযায়।

লোডশেডিংপরিস্থিতি:

সিলেট জেলার লোডশেডিং পরিস্থিতির কিছুটা অবনতি হয়েছে। গরম বৃদ্ধির সাথে সাথে বিদ্যুতের চাহিদা বৃদ্ধি পাওয়ায় দিনে ২ - ৩ বার লোডশেডিংয়ের মাধ্যমে বিদ্যুতের চাহিদা ও যোগানের মধ্যে সমন্বয় করতে হচ্ছে বলে জানা যায়। এছাড়াও টানা ঝড়-বৃষ্টির কারণে বিদ্যুতের লাইন বিচ্ছিন্ন হয়ে লোডশেডিং হচ্ছে বলে জনমতে জানা যায়।

জনস্বাস্থ্য :

সিলেটে সাম্প্রতিক সময়ে হামের সংক্রমণ উদ্বেগজনক হারে বৃদ্ধি পেয়েছে বলে জনমত ও স্থানীয় পত্র-পত্রিকা সূত্রে জানা গেছে। গত ১ এপ্রিল শহীদ শামসুদ্দিন আহমদ হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. মোঃ মিজানুর রহমান বলেন, ১ এপ্রিল ২০২৬ পর্যন্ত এ হাসপাতালে ৫৪ জন হামে আক্রান্ত শিশু ভর্তি হয়েছে। এর মধ্যে ২৯ জন চিকিৎসাধীন রয়েছে এবং ২৫ জন সুস্থ্য হয়ে বাড়ি ফিরেছে।

তবে ১২ এপ্রিল ২০২৬ পর্যন্ত স্থানীয় গণমাধ্যমের রিপোর্ট অনুযায়ী, সিলেটে হামের উপসর্গ নিয়ে তিন। জন শিশুর মৃত্যু হয়েছে

আবহাওয়াওপরিবেশ:

গত ০১ এপ্রিল সিলেটের গোয়াইনঘাট উপজেলায় বজ্রপাতে একজন কৃষকের মৃত্যু হয়েছে বলে জনমত ও স্থানীয় গণমাধ্যম সূত্রে জানা যায়। সূত্রমতে সকালবেলা বাড়ির পাশের মাঠে গরু আনতে গেলে হঠাৎ বজ্রপাতে তিনি ঘটনাস্থলেই মারা যান। উল্লেখ্য সাম্প্রতিক সময়ে বজ্রপাতকে একটি অন্যতম প্রাকৃতিক দুর্যোগ হিসেবে তালিকাভূক্ত করেছে আবহাওয়া অধিদপ্তর। অন্যদিকে,সিলেটের গোলাপগঞ্জ উপজেলার শরীফগঞ্জ ইউনিয়নের পনাইরচক নামক স্থানে কুশিয়ারা নদীর তীব্র ভাঙ্গনে হুমকির মুখে পড়েছে শতবর্ষী ও ধর্মীয়ভাবে গুরুত্বপূর্ণ হযরত সদাইশাহ (রহ.) এর মাজার বলে জনমতে জানা যায়। স্থানীয় জনসাধারণ জানান, অতীতে কুশিয়ারা নদীর ভাঙ্গনে বহু ঘরবাড়ি, ফসলী জমি এবং গুরুত্বপূর্ণ স্থাপনা নদীগর্ভে বিলীন হয়েছে। তারা অবিলম্বে জিও ব্যাগ ফেলা, বালুর বস্তা দিয়ে বাঁধ নির্মাণসহ জরুরি ভিত্তিতে নদী শাসনের কাজ শুরু করার দাবি জানিয়েছেন। স্থানীয়দের দাবি দ্রুত কার্যকর পদক্ষেপ না নিলে অচিরেই হারিয়ে যাবে এই শতবর্ষী ধর্মীয় নিদর্শন।

১৩.০৪.২০২৬

আফসানা আখতার
সহকারী তথ্য অফিসার
(আয়ন ও ব্যয়ন কর্মকর্তা)
জেলা তথ্য অফিস, সিলেট।

প্রাপক ঃ

মহাপরিচালক
গণযোগাযোগ অধিদপ্তর
ঢাকা।